GARHBETA COLLEGE LIBRARY
Estd.-1948

Total Pages : 3

B.A./3rd Sem/BNG/25(NEP)

2025

# 3rd Semester Examination (CCFUP : NEP)

## BENGALI

### Paper : MI 3-T (Minor)

### [প্রাচীন ও মধ্যযুগের পদপাঠ]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### বিভাগ - ক

যে-কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

১। চর্যাপদ কী নামে কোথা থেকে প্রকাশিত হয়? ১+১

২। 'দু আন্তে চিখিল মাঝেঁ ন থাহী' — পদকর্তার নাম কী? 'চিখিল' শব্দটির গূঢ়ার্থ কী? ১+১

৩। 'ধমণ চমণ বেণি পিণ্ডি বইঠা' — 'ধমণ' ও 'চমণ' শব্দ দু'টির অর্থ লেখো। ১+১

৪। বিদ্যাপতি কোন্ সময়ের কবি? তিনি কোন্ ভাষায় পদ রচনা করেছেন? ১+১

৫। 'রূপ লাগি আঁখি ঝুরে' — কোন্ পর্যায়ের পদ? 'আঁখি ঝুরে' শব্দটির অর্থ লেখো। ১+১

P.T.O.

৬। 'কুলিশ শত শত পাত-মোদিত
ফাটি যাওত ছাতিয়া।।'

– পদকর্তার নাম কী? 'কুলিশ' শব্দটির অর্থ লেখো। ১+১

৭। 'মা আমায় ঘুরাবে কত ...' — পদটির রচয়িতা কে? এটি কোন্ পর্যায়ের পদ? ১+১

৮। 'ভবের গাছে বেঁধে দিয়ে মা পাক দিতেছ অবিরত' — পদটির রচয়িতা কে? 'ভবের গাছ' কী? ১+১

## বিভাগ - খ

যে-কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

৯। 'কা আ তরুবর পঞ্চ বি ডাল' — পদটির গূঢ়ার্থ সংক্ষেপে বিশ্লেষণ করো। ৫

১০। চর্যার ৮নং পদটির গূঢ়ার্থ সংক্ষেপে ব্যাখ্যা করো। ৫

১১। 'এ সখি হামারি দুখের নাহি ওর' — পদটিতে রাধার যে গভীর হৃদয়বেদনা ব্যক্ত হয়েছে, তা তোমার নিজের ভাষায় লেখো। ৫

১২। অভিসার বলতে কী বোঝো? তোমাদের পাঠ্য অভিসার পর্যায়ের পদ অবলম্বনে রাধার অভিসার যাত্রার প্রস্তুতির সংক্ষিপ্ত বর্ণনা দাও। ২+৩

১৩। 'ওহে গিরিরাজ, গৌরী অভিমান করেছে।' — কোন্ পর্যায়ের পদ? পদটিতে মাতৃহৃদয়ের যে বেদনা ও ব্যাকুলতার ছবি ধরা পড়েছে তা সংক্ষেপে ব্যক্ত করো। ১+৪

১৪। 'কেবল আসার আশা, ভবে আসা, আসা মাত্র হল।' — পদটি অবলম্বনে কবির উপলব্ধি সংক্ষেপে তুলে ধরো। ৫

## বিভাগ - গ

যে-কোনো ***তিনটি*** প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

১৫। 'নগর বাহিরে ডোম্বি তোহারি কুড়িআ' — কার লেখা? পদটিতে অন্ত্যজ শ্রেণির মানুষের জীবনযাত্রার আধারে গূঢ় সাধনতত্ত্বের প্রসঙ্গ যেভাবে উঠে এসেছে তা তোমার নিজের ভাষায় লেখো। ১+৯

১৬। পূর্বরাগের সংজ্ঞা দাও। এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির নাম কী? তোমাদের পাঠ্য পূর্বরাগের পদ অবলম্বনে তাঁর শ্রেষ্ঠত্বের কারণ ব্যাখ্যা করো। ৩+১+৬

১৭। 'রূপ লাগি আঁখি ঝুরে' — পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১০

১৮। সাধক কবি রামপ্রসাদের কবিকৃতিত্ব আলোচনা করো। ১০

১৯। শাক্ত পদাবলীতে বাঙালির পারিবারিক ও গার্হস্থ্য জীবনের যে চিত্র উঠে এসেছে তা তোমাদের পাঠ্যপদ অবলম্বনে আলোচনা করো। ১০

---